গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

বিষয় ঃ ২৮/১২/২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রুহী রহমান, অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ ও সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ।
স্থান ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় ঃ ২৮/১২/২০১৭, বিকাল ০৩.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) কে আহবান জানান।

০২। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) সভাপতির অনুমতিক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের অনুকূলে ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষমাত্রা, উন্নয়ন ও অনুন্নয়ন খাতে প্রস্তাবিত বাজেট এবং ২০১৯-২০২০, ২০১৯-২০২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রক্ষেপণ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেনঃ

(অংক সমূহ হাজার টাকায়)

| ক্রঃ নং | দপ্তর/অধিদপ্তর | ২০১৮-২০১৯ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রস্তাবিত লক্ষ্যমাত্রা | ২০১৮-২০১৯ অর্থবছরের প্রস্তাবিত অনুন্নয়ন ব্যয় বরাদ্দ | ২০১৮-২০১৯ অর্থবছরের প্রস্তাবিত উন্নয়ন ব্যয় বরাদ্দ |
|---|---|---|---|---|
| | | | | |
| ১ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ১২,৭১,১১ | ১৯৮,৯৬,২৫ | ৭৭,০০ |
| ২ | উপদেষ্টা বোর্ড | -- | ১১,২০ | -- |
| ৩ | আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থা | -- | ১৫,৮৩,৭৭ | -- |
| ৪ | এনটিএমসি | -- | ১৮৬,১৬,৫০ | ১৪,১০,০০ |
| ৫ | ইন্টারপোল | -- | ৭০,০০ | -- |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ৬১৪,১১,১৯ | ১২৮৮৭,৮০,১৮ | ৫২১,১৫,০০ |
| ৭ | বর্ডারগার্ড বাংলাদেশ | ১৩,৮৭,৮৭ | ৩১১৩,৫৯,৪৮ | ২৪১,৫০,০০ |
| ৮ | আনসার ও ভিডিপি | ৯,৬৪,৫০ | ১৪৮১,২৩,৩৪ | ৯০,৫৭,০০ |
| ৯ | কোষ্টগার্ড অধিদপ্তর | ১,৪৬,৩৩ | ৫৭৫,৬৩,২৮ | ২৩৯,৯১,০০ |
| | থোক | - | -- | -- |
| | মোট = | ৬৫১,৮১,,০০ | ১৮৪৬০,০৪,০০ | ১১০৮,০০,০০ |

(খ) (অংকসমূহ হাজার টাকায়)

| ক্রঃ নং | দপ্তর/অধিদপ্তর | ২০১৯-২০,২০২০-২০২১ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন | | ২০১৯-২০,২০২০-২০২১ অর্থবছরে অনুন্নয়ন ব্যয় প্রক্ষেপন | | ২০১৯-২০,২০২০-২০২১ অর্থবছরে উন্নয়ন ব্যয় প্রক্ষেপন | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| ১) | জননিরাপত্তা বিভাগ | ১৪,২৩,৬৪ | ১৫,৯৩,৭৫ | ২১৩,৩০,৯২ | ২২৮,২৪,০৮ | ৭৮,০০,০০ | ৭৮,০০,০০ |
| ২) | উপদেষ্টা বোর্ড | -- | -- | ১১,৯৮ | ১১,৯৮ | -- | -- |
| ৩) | আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থা | -- | -- | ১৬,৭৩,৬৩ | ১৭,৯০,৭৮ | -- | --- |
| ৪) | এনটিএমসি | -- | -- | ১৯৫,৮৪,৬৫ | ২০৯,৫৫,৫৭ | -- | -- |
| ৫) | ইন্টারপোল | -- | -- | ৭০,০০ | ৭০,০০ | ১৫,০০,০০ | ১৫,০০,০০ |
| ৬) | বাংলাদেশ পুলিশ | ৬৮৮,৫০,৮২ | ৭৭১,১২,৯১ | ১৩৮০৫,১৭,৫১ | ১৪৭৭১,৫৯,৮৪ | ৫৭০,০০,০০ | ৬০০,০০,০০ |
| ৭) | বর্ডারগার্ড বাংলাদেশ | ১৫,৫৪,৪১ | ১৭,৪০,৯৩ | ৩৩৩২,৮৪,৬৪ | ৩৫৬৬,১৪,৫৬ | ২১০,০০,০০ | ২২০,০০,০০ |
| ৮) | আনসার ও ভিডিপি | ১০,৮০,২৪ | ১২,০৯,৮৬ | ১৫৮৪,৫৬,৯৭ | ১৬৯৫,৪৮,৯৫ | ১০৫,০০,০০ | ১১০,০০,০০ |
| ৯) | কোষ্টগার্ড অধিদপ্তর | ১,৬৩,৮৯ | ১,৮৩,৫৫ | ৬১৪,৫০,৭০ | ৬৫৭,৫২,২৪ | ২২০,০০,০০ | ২৪০,০০,০০ |
| | মোট | ৭৩০,৭৩,০০ | ৮১৮,৪১,০০ | ১৯৭৬৩,৮১,০০ | ২১১৪৭,২৮,০০ | -- | -- |
| | থোক বরাদ্দ | -- | -- | -- | -- | ৫৩,২২,০০ | ৭০,৪০,০০ |
| ১০) | উন্নয়ন কর্মসুচি | -- | -- | -- | -- | -- | -- |
| | মোট = | ৭৩০,৭৩,০০ | ৮১৮,৪১,০০ | ১৯৭৬৩,৮১,০০ | ২১১৪৭,২৮,০০ | ১১৭৪,০০,০০ | ১২৫৬,১৮,০০ |

চলমান পাতা-২

৩। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা পর্যায়ক্রমে নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

(ক) জননিরাপত্তা বিভাগ এর প্রতিনিধি জনাব রুহি রহমান জানান যে, সচিবালয়ের মেরামত ও সংরক্ষণ এবং ব্রবস্থাপনা সংক্রান্ত কাজের জন্য নুতন মেরামত ও সংরক্ষণ খাত সৃষ্টি করে অর্থ বরাদ্দ রাখতে হবে। এ খাতে প্রায় ১৫.০০ে কাটি টাকা ব্যয়ের সম্ভাবনা রয়েছে।

(খ) জননিরাপত্তা বিভাগ এর পরিকল্পনা বিভাগ এর প্রতিনিধি জনাব শেখ সাকিল উদ্দিন আহমদ, উপ প্রধান জানান যে, অধিদপ্তর হতে নতুন উন্নয়ন প্রকল্পের চাহিদা পাওয়া যায় নাই। অধিদপ্তর হতে পাওয়া গেলে অতিরিক্ত চাহিদার পাক্কলন/প্রক্ষেপন প্রেরণ করা হবে।

(খ) বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি জনাব এ কে এম শহিদুর রহমান, ডিআই জি(অর্থ) জানান যে, ইতোমধ্যে রংপুর ও গাজীপুর মেট্রোপলিটন পুলিশ ও এন্টি টেররিজম ইউনিট গঠনের কার্যক্রম শুরু হয়েছে। এ বিষয়ে ইতোমধ্যে জনবল নিয়োগ, স্থাপনা নির্মাণ ও সরঞ্জাম ক্রয়ের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এতে আগামী ২০১৮-২০১৯ অর্থবছরে ১৬৫৭.২১ কোটি টাকা বরাদ্দের জন্য অনুরোধ জানান। তাছাড়া, বাংলাদেশ পুলিশ বাহিনী আধুনিক ও সমপোযোগী করার লক্ষ্যে নতুন পুলিশ নিয়োগ, অস্ত্র ও গোলাবারুদ ক্রয়, কম্পিউটার সামগ্রী ক্রয়, সিগনাল/ওয়ারলেস, কম্পিউটার সফটওয়ার ক্রয় বাবদ আরো অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন।

(গ) বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি লেঃ কর্ণেল জিএম সারওয়ার, পরিচালক পূর্ত, জানান যে, বিজিবির ২য় পর্যায়ের পুণঃগঠনের আওতায় ৪০০.০০ কোটি টাকার মধ্যে ১৫০.০০ কোটি টাকা, এয়ার উইং এর অনুমোদিত দুইটি হেলিকপ্টার ক্রয়ের অবশিষ্ট মূল্য বাবদ ২৪০.০০ কোটি টাকা এবং বিজিবির সাংগঠনিক কাঠামোতে ১৫০০ জনবল নিয়োগ এর জন্য ১৩৩.০০ কোটি টাকাসহ সর্বমোট ৫২৩,০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের অনুরোধ জানান। তিনি আরো জানান যে, নতুন উন্নয়ন প্রকল্পের জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রয়োজন।

(ঘ) বাংলাদেশ আনাসার ও ভিডিপি'র প্রতিনিধি পরিচালক(অর্থ),জনাব মসাহিদুজ্জামান যে, আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে নুতন জনবল নিয়োগ, ভুমি অধিগ্রহণ, সরবরাহ ও সেবা এবং অন্যান্য খাতে ১৬৩.০০ কোটি টাকা বরাদ্দের জন্য অনুরোধ জানান। এ অর্থবছরেও নির্বাচন প্রস্ততি সম্পন্ন করার লক্ষ্যে শর্টগান ও যানবাহন ক্রয় খাতে অতিরিক্তদ বরাদ্দ প্রয়োজন।

(ঙ) বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি কমান্ডার এম কামরুল হাছান, উপ পরিচালক (বাজেট) জানান যে, আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে ভূমি অধিগ্রহণ, চারটি হোভার ক্রাফট, ৮টি ড্রোন ক্রয়ের জন্য সম্পদ সংগ্রহ ক্রয় এবং সরবারাহ ও সেবা খাতসহ অন্যান্য খাতে সর্বমোট ১৩২২.০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের অনুরোধ করেন।

(চ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল ও তদন্ত সংস্থার প্রতিনিধি জনাব মোঃ ওবায়েদ উল্লাহ, সহকারী পরিচালক(প্রশাসন ও অর্থ) জানান যে, আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে ৬৮১৩ যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাতে ২৯.০০কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের জন্য অনুরোধ জানান।

(ছ) এনটিএমসি'র প্রতিনিধি জনাব মোঃ মনির হোসেন, অতিরিক্ত পরিচালক, জানান যে, চলতি আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে ৬৮১৩ যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাতে ২৯.০০কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের অনুরোধ জানান।

০৪। দপ্তর/অধিদপ্তরের উপর্যুক্ত অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি মহোদয় সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসূ কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সকলকে আহবান জানান। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাবর্হিভূত। তবে দেশের আইন শংখলা সুচারুরূপে পরিচালনা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধও পুলিশের নতুন ইউনিট গঠন এবং আগামী নির্বাচনে দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা করে তার ক্রয় কার্য এ অর্থ বছরেই শেষ করতে হবে। প্রয়োজনীয় ব্যাখ্যা ও যৌক্তিকতা সহ অগ্নিনির্বাপণ ও দুর্ঘটনার আশু সমাধান, মাদক দ্রব্যের বিস্তার রোধ, বাজেট সিলিং বর্ধিত করণের বিষয়ে অর্থ বিভাগের সাথে একটি কার্যকর আলোচনা করবেন বলে তিনি সকলকে অবহিত করেন। আর্থিক পরিস্থিতি বিবেচনায় প্রদত্ত সিলিং এর মধ্যে আগামী ২০১৮-২০১৯ অর্থ বছরের অনুন্নয়ন বাজেট প্রণয়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ-

(১) আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি, অনুন্নয়ন এবং উন্নয়ন বাজেট এবং ২০১৯-২০২০,২০২০-২০২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রক্ষেপন এর বিভাজন অনুমোদনের জন্য বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৩

(২) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য প্রদত্ত বাজেট সিলিং এর অতিরিক্ত বরাদ্দের যৌক্তিক দাবী বাজেট ব্যবস্থাপনা কমিটিতে উপস্থাপনের জন্য স্ব-স্ব দপ্তর হতে আজকের মধ্যে জননিরাপত্তা বিভাগে প্রেরণ করতে হবে।

(৩) বিদ্যমান বাজেট কাঠামোর মধ্যে কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন বা সংযোজন/বিয়োজন থাকলে তা আজকের মধ্যে বাজেট শাখায় প্রেরণ করতে হবে।

(৪) পুলিশের নতুন ইউনিট গঠনের ফলে অত্যাবশ্যক চাহিদা যৌক্তিকতাসহ অর্থ বিভাগে প্রেরণ করতে হবে এবং বিজিবি ও আনসারের নির্বাচনী দায়িত্ব পালনের জন্য অত্যাবশ্যক যানবাহন ও অস্ত্র গোলাবারুদ ক্রয়ের চাহিদা ও বিজিবি পুর্নগঠনের চাহিদার যৌক্তিকতাসহ অর্থ বিভাগে প্রেরণ করতে হবে ।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(রুহী রহমান)
অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ )
ও
সভাপতি
বাজেট ওয়ার্কিং গ্রুপ, জননিরাপত্তা বিভাগ।

নং-৪৪.০০.০০০০.০২৪.০৫.০১৭.২০১৭(অংশ)-

তারিখঃ ২৮/১২/২০১৭খ্রিঃ

১। ---------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, রাজনৈতিক ও আইসিটি/ প্রশাসন ও অর্থ/পুলিশ ও এনটিএমসি/আসী/আইন ও শৃংখলা/ উন্নয়ন, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব-১(বাজট), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪৫১৩

নং-৪৪.০০.০০০০.০২৪.০৫.০১৭.২০১৭(অংশ)- ৪৭৫/১৮(৫)

তারিখঃ ২৮/১২/২০১৭খ্রিঃ

অনুলিপিঃ-সদয় জ্ঞার্তাথে ও কার্যার্থে
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। সহাকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
সিনিয়র সহকারী সচিব